

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/ ২৭ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৮.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.৮-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ‘হজ ব্যবস্থাপনা জাতীয় কমিটি’ নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিটির গঠন :

- | | | | |
|------|--|---|--------|
| (১) | প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | : | সভাপতি |
| (২) | মন্ত্রী/প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | মন্ত্রী/প্রতিমন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | মন্ত্রিপরিষদ সচিব | : | সদস্য |
| (৫) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | : | সদস্য |
| (৬) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| (৭) | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | : | সদস্য |
| (৯) | সচিব, তথ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| (১০) | সচিব, জননিরাপত্তা বিভাগ | : | সদস্য |
| (১১) | সচিব, সুরক্ষা সেবা বিভাগ | : | সদস্য |

(১৩৯৪৭)

মূল্য : টাকা ৪.০০

(১২)	সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	:	সদস্য
(১৩)	সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	:	সদস্য
(১৪)	সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ	:	সদস্য
(১৫)	সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ	:	সদস্য
(১৬)	সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	:	সদস্য
(১৭)	সচিব, অর্থ বিভাগ	:	সদস্য
(১৮)	প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	:	সদস্য
(১৯)	মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (এনএসআই)	:	সদস্য
(২০)	মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন	:	সদস্য
(২১)	পরিচালক, হজ অফিস, ঢাকা	:	সদস্য
(২২)	সভাপতি ও মহাসচিব, হজ এজেন্সি এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)	:	সদস্য
(২৩)	যুগ্মসচিব (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	:	সদস্য-সচিব

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) কমিটির কার্যপরিধি :

- (১) জাতীয় হজ ও ওমরাহ নীতি ও সম্পাদিত হজ চুক্তি সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;
 - (২) হজ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর ও প্রতিষ্ঠানসমূহ কর্তৃক গৃহীত কার্যক্রমের সমন্বয় সাধন ও বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা এবং পরিবীক্ষণ; এবং
 - (৩) আনুষঙ্গিক অন্যান্য বিষয়াদি বিবেচনা।
- (গ) কমিটি বছরে অন্তত ০১ (এক) বার বৈঠকে মিলিত হবে।
 - (ঘ) কমিটি প্রয়োজনানুসারে সদস্য কো-অপ্ট করতে পারবে।
 - (ঙ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. আবু সালেহ মোস্ফা কামাল

যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ৯৫৭১৬০০

e-mail: js_economic@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd